

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
(রাজস্ব শাখা)
www.faridpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.১২.২৯০০.০১৪.১৮.০২০.২৩. ৬

তারিখ: ০৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ৩০ চৈত্র ১৪১৭ বঙ্গাব্দ/১৩ এগ্রিল ২০১১ খ্রিস্টাব্দ এর প্রজ্ঞাপন মোতাবেক এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা এর ২৪/১২/২০২৩ তারিখের ০৫.৮১.৩০০০.০০৯.৯৯.০০৩.২৩.১২৮৬ নম্বর আরকাদেশ মোতাবেক এ জেলার বোয়ালমারী ও আলফাড়াঙ্গা উপজেলাধীন বালুমহালসমূহ ১৪৩০ বঙ্গাবের জন্য ০১ (এক) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে সীল মোহরকৃত খামে জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর তালিকাভুক্ত/লাইসেন্সধারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্রের শর্তাবলী অনুসরণপূর্বক নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

বালুমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্য এবং ইজারাদারদের অবশ্য পালনীয় শর্তাবলী যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন জেলা প্রশাসক, ফরিদপুর এর কার্যালয়ের রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং জেলা প্রশাসন, ফরিদপুর এর ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করা যাবে।

১৪৩১ বঙ্গাব্দ সনের জন্য ইজারাযোগ্য বালুমহালের বিবরণ

ক্রমিক নম্বর	উপজেলার নাম	বালুমহালের নাম	আয়তন (একরে)	সরকারি মূল্য (১৪৩১ বঙ্গাব্দ)
০১	বোয়ালমারী	লংকারচর	৭৪.১৪৭	১,৮৮,১০,০০০/-
০২	আলফাড়াঙ্গা	উত্তর চৰ নারানন্দিয়া	৫৯.৮০	২৬,৪০,০০০/-

দরপত্রের তফসিল

দরপত্র বিত্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্র খোলার সময়
১ম বার	০৬/০২/২০২৪	০৭/০২/২০২৪	সকাল ৯:০০ হতে দুপুর ১:০০ টা
২য় বার	১৯/০২/২০২৪	২০/০২/২০২৪	
৩য় বার	০৩/০৩/২০২৪	০৪/০৩/২০২৪	
৪র্থ বার	১৮/০৩/২০২৪	১৯/০৩/২০২৪	

শর্তাবলী

- জেলা প্রশাসক, ফরিদপুর বরাবর ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা দিয়ে জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর রাজস্ব শাখা এবং উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী/আলফাড়াঙ্গা, ফরিদপুর এর কার্যালয় হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- সীল মোহরকৃত খামে দরপত্রসমূহ উপরিভিত্তিত ধার্য তারিখ ও সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর রাজস্ব শাখায় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোয়ালমারী ও আলফাড়াঙ্গাতে রাখিত দরপত্র বাস্তু দাখিল করা যাবে।
- আবেদনপত্রের সাথে উদ্বৃত্ত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, ফরিদপুর এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
- হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র এবং তফসিলী ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছতার সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের ০৩ (তিনি) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/মেয়ার কর্তৃক প্রদত্ত হাতীয় বাসিন্দা সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- বছরের যে সময়েই সর্বোচ্চ দরদাতাকে বালুমহালের ইজারা প্রদান করা হোক না কেন, ১লা বৈশাখ থেকে ইজারার মেয়াদ কার্যকর হবে। এবং একই সনের ৩০ শে চৈত্র তারিখে ইজারার মেয়াদ শেষ হবে। এ বিষয়ে কেবল ওজর আপত্তি বা আবেদন গ্রহণযোগ্য হবে না।
- দরপত্র খোলার নির্ধারিত তারিখে উপর্যুক্ত দরপত্র দাতাদের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নির্দিষ্ট সময়ে দরপত্র বাস্তু খোলা হবে।

বালুমহাল সম্পর্কিত বিজ্ঞারিত বিবরণ ও অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীন এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে।

Deeb
২৭/১/২৮
(মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ)

জেলা প্রশাসক

ফরিদপুর

ও

সভাপতি

জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি

M.S.

স্মারক নম্বর: ০৫.১২.২৯০০.০১৪.১৮.০২০.২৩ ৬৬ (১৮০)

তারিখ: ০৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

অনুলিপি অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো:

- ৩। পুলিশ সুপার, ফরিদপুর। তাঁকে দরপত্র দাখিলের দিন নিম্নস্থানকারীর অফিসে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের ব্যবস্থা প্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)....., ফরিদপুর। নির্ধারিত তারিখ যথাসময়ে তাঁর কার্যালয়ে দরপত্র বাস্তু সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), (সকল)....., ফরিদপুর।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর। বিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। সম্পাদক, দৈনিক। বিজ্ঞপ্তি তার পত্রিকায় ০১ (এক) দিনের জন্য ১০X৩ কলামে ভিতরের পাতায় আগামী ০৩ (তিনি) দিনের মধ্যে প্রকাশের অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৫ কপি বিজ্ঞাপন বিলসহ এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা....., ফরিদপুর।
- ৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস....., ফরিদপুর।
- ১০। নোটিশ বোর্ড।
- ১১। অফিস কপি।

*Douib
১৭/১/২৮*
(দীপ জন মিত্র)
বেভিনিউ ডেপুটি কালেক্টর
ফরিদপুর
ফোনঃ ০২৪৭৮৮০২৪৩২